মিরপুর কলেজ, ঢাকা

দ্বাদশ শ্রেণির প্রাক-নির্বাচনি পরীক্ষা-২০২০

বিষয়ঃ বাংলা-প্রথমপত্র

সময়ঃ ২:৩০ঘন্টা **সৃজনশীল প্রশ্নঃ** **পূর্ণমানঃ ৭০**

[দ্রষ্টব্য:-ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। 'ক' ও 'খ' বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং 'গ' ও 'ঘ' বিভাগ হতে কমপক্ষে ১টি করে মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

'ক' বিভাগ-গদ্য

১। বরপক্ষ কনেপক্ষ হইতে দশ হাজার টাকা পণ এবং বহুল দানসামগ্রী চাহিয়া বসিল। রামসুন্দর কিছুমাত্র বিবেচনা না করিয়া তাহাতেই সম্মত হইলেন; এমন পাত্র কিছুতেই হাতছাড়া করা যায় না। কিন্তু কিছুতেই টাকার জোগাড় আর হয় না। অবশেষে বিয়ের দিন উপস্থিত হইল। নিতান্ত অতিরিক্ত সুদে একজন বাকি টাকাটা দিতে স্বীকার করিয়াছিল, কিন্তু সময়কালে সে উপস্থিত হইল না। বিবাহসভায় একটা তুমুল গোলযোগ বাধিয়া গেল। রায়বাহাদুর বলিলেন, টাকা হাতে না পাইলে বর সভাস্থ করা যাইবে না।

(ক) 'অপরিচিতা' গল্পটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১

(খ) 'তার পরে বুঝিলাম মাতৃভূমি আছে'-উক্তিটি দ্বারা কোন বিষয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ২

(গ) উদ্দীপকের রায়বাহাদুর চরিত্রটি 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? আলোচনা কর। ৩

(ঘ) "উদ্দীপকের যৌতুক নির্ভর ঘুনে ধরা সমাজই 'অপরিচিতা' গল্পে ভিন্ন মাত্রায় উপস্থাপিত হয়েছে।"-মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

২। পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলি দাও।
তার মত সুখ কোথাও কি আছে?
আপনার কথা ভুলিয়া যায়।
- - - - - - - - - - - - -
আপনারে লয়ে বিব্রত রহিতে
আসে নাই কেহ অবনী পরে
প্রত্যেকে আমরা পরের তরে।

(ক) 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে তপোবন প্রেমিক কাকে বলা হয়েছে? ১

(খ) "যা তার প্রাপ্তি, তাই তার দান।"-প্রসঙ্গসহ ব্যাখ্যা করো। ২

(গ) উদ্দীপকে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

(ঘ) 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের মূলভাব উদ্দীপকের সুন্দরভাবে প্রতিফলিত হয়েছে"-উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৩। ১৯২৩ সালের ১০ই জানুয়ারি রাষ্ট্রদ্রোহিতার অপরাধে ব্রিটিশ সরকার আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে এক বছরের কারাদণ্ড দেয়। হুগলি জেলে থাকাকালীন কবি রাজবন্দিদের ওপর নির্যাতনের প্রতিবাদে অনশন ধর্মঘট পালন করেন। অনশন ভাঙার জন্য শিলং থেকে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর তাঁকে টেলিগ্রাম করেন। কবিগুরু তাঁকে টেলিগ্রামে লেখেন, "Give up hunger strike, our literature claims you."

(ক) রেনু কে? ১

(খ) "যদি এ পথে মৃত্যু এসে থাকে তবে তাই হবে"-ব্যাখ্যা করো। ২

(গ) উদ্দীপকে বর্ণিত জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাথে 'বায়ান্নর দিনগুলো' রচনায় কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো।৩

(ঘ) 'প্রেক্ষাপট ভিন্ন হলেও কাজী নজরুল ইসলাম ও শেখ মুজিবুর রহমানের চেতনাগত ঐক্য তাঁদের একসূত্রে গেঁথেছে'- উদ্দীপক ও 'বায়ান্নর দিনগুলো' রচনার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৪। 'যুদ্ধ' একটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস। এ উপন্যাসে দেখা যায়, নিখিল অত্যাচারিত হিন্দু সম্প্রদায়ের প্রতিনিধি। মুক্তিযুদ্ধের সময় হিন্দুদেরকে বেছে বেছে নির্যাতন করা হয়। জীবন বাঁচানোর জন্য নিখিলকে ইচ্ছার বিরুদ্ধে ধর্মান্তরিত হতে হয়। মনে ধর্মত্যাগের অসহনীয় বেদনা থাকলেও সে টুপি মাথায় দিয়ে নামাজ পড়ে; সময়সময় পাঁচ কালেমা মুখস্থ রাখে।

(ক) 'রেইনকোট' গল্পটি কতসালে প্রকাশিত হয়? ১

(খ) 'রাশিয়ায় ছিল জেনারেল উইন্টার, আমাদের জেনারেল মনসুন'-ব্যাখ্যা করো। ২

(গ) উদ্দীপকের নিখিল ও 'রেইনকোট' গল্পের নুরুল হুদার জীবন বাস্তবতার তুলনা করো। ৩

(ঘ) 'জীবন বাস্তবতার সাদৃশ্য থাকলেও উগ্র সাম্প্রদায়িক প্রবণতা নিখিলের জীবনকে বেশি বিপন্ন করেছে'- উদ্দীপক ও 'রেইনকোট' গল্প অনুসারে উক্তিটির যথার্থতা যাচাই করো। ৪

'খ' বিভাগ-কবিতা

৫। বর্তমান বাংলাদেশ একসময় পাকিস্তানের একটি প্রদেশ ছিল। ১৯৭১ সালের ২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করা হলে পাকিস্তানি হানাদার বাহিনী এদেশে গণহত্যা শুরু করে। শুরু হয় মুক্তিযুদ্ধ। তখন পূর্ব পাকিস্তানের গভর্নর ছিলেন মোনায়েম খাঁ। বাঙালি হয়েও তিনি স্বজাতির সাথে বিশ্বাসঘাতকতা করে পাকিস্তান সরকারের নির্দেশিত গণহত্যায় সহায়তা করেন। তাঁর সহায়তায় শত্রুবাহিনীর হাতে এদেশের লাখ লাখ মানুষের প্রাণহানি ঘটে।

(ক) ‘অরিন্দম’ কে? ১
(খ) “হায়, তাত, উচিত কি তব এ কাজ?”-কে, কেন এ উক্তিটি করেছিল? ২
(গ) উদ্দীপকের মোনায়েম খাঁ ‘বিভীষণের প্রতি মেঘনাদ’ কবিতার কোন চরিত্রটির প্রতিরূপ? ব্যাখ্যা করো। ৩
(ঘ) তুমি কি মনে কর উদ্দীপকে ‘বিভীষণের প্রতি মেঘনাদ’ কবিতার বিষয়বস্তুর যথার্থ প্রতিফলন ঘটেছে? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৬। ধর্ম যার যার রাষ্ট্র সবার। হিন্দু-মুসলিম-বৌদ্ধ-খ্রিষ্টান বলে আলাদা কিছু নেই। জাতি হিসেবে আমাদের পরিচয় আমরা বাঙালি। এখানে শারদীয় দুর্গোৎসবে যেমন হিন্দু-মুসলমান সবাই একত্রিত হয় তেমনি ঈদের আনন্দে সবাই অংশগ্রহণ করে। বাঙালির নববর্ষ উদ্‌যাপনও এমনই একটি উৎসব।
(ক) চার্বাক কে? ১
(খ) কবি সাম্যের গান গেয়েছেন কেন? ২
(গ) উদ্দীপকে ‘সাম্যবাদী’ কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকটি ‘সাম্যবাদী’ কবিতার খন্ডাংশ মাত্র, সামগ্রিক রূপ নয়-মূল্যায়ন করো। ৪

৭। হে মহামানব, একবার এসো ফিরে
শুধু একবার চোখ মেলো এই গ্রাম-নগরের ভিড়ে,
এখানে মৃত্যু হানা দেয় বারবার।
লোকচক্ষুর আড়ালে এখানে জমেছে অন্ধকার।
(ক) কত বঙ্গাব্দে নূরলদীন বিপ্লবের ডাক দিয়েছিলেন? ১
(খ) ‘যখন শকুন নেমে আসে এই সোনার বাংলায়’-বলতে কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকে ‘এখানে মৃত্যু হানা দেয় বারবার’ চরণটি ‘নূরলদীনের কথা মনে পড়ে যায়’ কবিতার যে দিকের সঙ্গে সাদৃশ্যপূর্ণ তা ব্যাখ্যা করো। ৩
(ঘ) উদ্দীপকে মহামানবের আবির্ভাব এবং নূরলদীনের পুনরাবির্ভাব এক সূত্রে গাঁথা”-মূল্যায়ন করো। ৪

‘গ’ বিভাগ-উপন্যাস

৮। তুপ ভাগ্যান্বেষণে ঘুরতে ঘুরতে এসে হাজির হয় রাজধানী ঢাকায়। মিটফোর্ডে এক ফুটপাতের হোটেলে খেতে গিয়ে দেখতে পায় পাশের নর্দমায় অনেকগুলো ঔষধ পড়ে আছে। হোটেল বয়ের কাছে জানতে পারে এগুলো মেয়াদ উত্তীর্ণ ঔষধ-কোম্পানি ফেলে গেছে। তার মাথায় বিদ্যুৎ খেলে যায়। সে ঐ ঔষধগুলো কুড়িয়ে নতুন প্যাকেটে মুড়ে কম দামে বিক্রি করতে থাকে। সাধারণ মানুষ কম দামে পেয়ে সরল বিশ্বাসে তার দোকান থেকে ঔষধ কিনে প্রতারিত হতে থাকে। আর তপু অল্পদিনে ব্যবসায়ী সমিতির সভাপতি বনে যায়।
(ক) ‘কলমা জানো মিঞা?”-মজিদ প্রশ্নটি কাকে করেছে? ১
(খ) “তাই তারা ছোটে, ছোটে”-কেন ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের তপুর মাঝে ফুটে উঠেছে ‘লালসালু’ উপন্যাসের মজিদের চরিত্র-ব্যাখ্যা করো। ৩
(ঘ) ‘প্রেক্ষাপট ভিন্ন হলেও তপু ও মজিদের লক্ষ্য এক’-মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৯। বাংলাদেশের অবহেলিত জনপদের পলাশনগর গ্রামের শিক্ষিত যুবক সুজন গ্রামে এসে অশিক্ষিত মানুষকে জ্ঞানের আলো ছড়িয়ে দিতে একটি নৈশবিদ্যালয় প্রতিষ্ঠা করতে চেয়েছিল। কিন্তু তার সেই স্বপ্ন ধূলিসাৎ হয়ে যায় এক অপশক্তির প্রভাবে।
(ক) ধলা মিয়া কে? ১
(খ) ‘শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি’-উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
(গ) উদ্দীপকের সুজন ‘লালসালু’ উপন্যাসের কোন চরিত্র ও ঘটনাকে নির্দেশ করে? আলোচনা করো। ৩
(ঘ) উদ্দীপকের অপশক্তি ‘লালসালু’ উপন্যাসের কোন শক্তিকে নির্দেশ করে? সেই শক্তির উৎস সম্পর্কে মতামত পেশ করো ৪

‘ঘ’ বিভাগ-নাটক

১০। বিভীষণের কারণেই লঙ্কায় রাক্ষস রাজবংশের পতন ঘটেছিল। রাম-রাবণের যুদ্ধে রাবণ-মেঘনাদের শক্তি কোনো বিচারেই কম ছিল না। তা সত্ত্বেও জয় হয় রাম-লক্ষণের আর এতে মুখ্য ভূমিকা পালন করে রাবণের সহোদর বিভীষণ।
(ক) সিরাজউদ্দৌলার হত্যাকরীর নাম কী? ১
(খ) ‘আমরা এমন কিছু করলাম যা ইতিহাস হবে।’-ব্যাখ্যা করো। ৩
(গ) উদ্দীপকের বিভীষণের সঙ্গে ‘সিরাজউদ্দৌলা’ নাটকের কোন চরিত্রটি অধিক সাদৃশ্যপূর্ণ-নির্ণয় করো। ৪
(ঘ) উদ্দীপকের আলোকে ‘সিরাজউদ্দৌলা’ নাটকের প্রসাদ ষড়যন্ত্র বিশ্লেষণ করো। ৫

১১। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর একটি বিশেষ গোয়েন্দা সংস্থা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে অবগত করেছিল যে, কিছু বিপথগামী সেনা সদস্য তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্রে লিপ্ত আছে। কিন্তু বঙ্গবন্ধু তাদের কথার গুরুত্ব দেননি। তাঁর বিশ্বাস ছিল, যে, দেশের মানুষের জন্য তিনি এত ত্যাগ স্বীকার করেছেন, সে দেশের মানুষ তাঁকে হত্যা করতে পারে না। তাঁর এই উদারতার জন্যই তাঁকে চরম মূল্য দিতে হয়েছে।
(ক) ‘সিরাজউদ্দৌলা’ নাটকের মোট কয়টি অঙ্গ ও দৃশ্য রয়েছে? ১
(খ) “শুভ কাজে অযথা বিলম্ব করা বুদ্ধিমানের কাজ নয়”-ব্যাখ্যা করো। ২
(গ) উদ্দীপকের বঙ্গবন্ধুর সাথে নবাব সিরাজউদ্দৌলার সাদৃশ্য কোথায়? আলোচনা করো। ৩
(ঘ) “বঙ্গবন্ধু ও নবাব সিরাজউদ্দৌলার উদারতা তাঁদের জীবনে ট্র্যাজিক পরিণতি ঘনীভূত করেছিল।”-মন্তব্যটির সার্থকতা বিচার করো। ৪

মিরপুর কলেজ, ঢাকা

দ্বাদশ শ্রেণির প্রাক-নির্বাচনি পরীক্ষা-২০২০

সেট-ক

বিষয়ঃ বাংলা-প্রথমপত্র

সময়ঃ ৩০ মিনিট **পূর্ণমান ঃ ৩০**

বহু নির্বাচনি প্রশ্নঃ

[Answer Sheet-এ সঠিক উত্তরের বৃত্তটি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা ভরাট কর। সকল প্রশ্নের উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান-১]

১. ঐকতান কবিতায় রবীন্দ্রনাথ ঠাকুর কোন শ্রেণির কবিকে আহ্বান করেছেন-
(ক) উঁচু শ্রেণির (খ) অজ্ঞাতজনের (গ) অখ্যাতজনের (ঘ) বিশ্বপ্রকৃতির

■ নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:

"দূরে কিংবা কখনো খুবই কাছে
যাচ্ছে শোনা ফুটফাট গুলির আওয়াজ, ত্রাসে
বুক কাঁপে, পারি না শুধোতে কে কোথায় গেল মরে,
দম বন্ধ করে চুপ করে পড়ে থাকি ঘরের কবরে।"

২. উদ্দীপকের সাথে 'রেইনকোট' গল্পের সাদৃশ্য হলো-
i. পঁচিশে মার্চের রাতের আক্রমণ
ii. মানুষদের ধরে ক্যাম্পে নিয়ে যাওয়া
iii. গুলির আওয়াজ শুনতে পাওয়া
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩. উদ্দীপকের সাথে 'রেইনকোট' গল্পের যে প্রসঙ্গটি মিলে যায়-
i. মুক্তিযুদ্ধ চলাকালীন সময় ii. নির্যাতিত বাঙালি
iii. মানুষের আত্মত্যাগ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

৪. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় রাবণ অনুজ বলতে কাকে বোঝানো হয়েছে?
(ক) বিভীষণকে (খ) লক্ষণকে (গ) রামকে (ঘ) মেঘনাদকে

৫. গী দ্যা মোপাসাঁ কত সালে মৃত্যুবরণ করেন?
(ক) ১৮৯২ (খ) ১৮৯৩ (গ) ১৮৯৪ (ঘ) ১৮৯৫

৬. ভিক্টোরিয়া মেমোরিয়াল কোথায় অবস্থিত?
(ক) লন্ডনে (খ) ঢাকায় (গ) কলকাতায় (ঘ) করাচিতে

৭. আহ্লাদি ও বুড়ো রহমানের কন্যা-তারা দুইজনেই-
(ক) সুন্দরী (খ) নির্যাতিতা (গ) শিক্ষিতা (ঘ) অশিক্ষিতা

৮. 'লালসালু' উপন্যাসে কে হাঁপানি রোগে আক্রান্ত?
(ক) সলেমনের বাপ (খ) কালুমতি (গ) রেহান আলী (ঘ) মজিদ

৯. 'বিড়াল' রচনা অনুসারে কাদের দন্ডবিধান সমাজের একান্ত কর্তব্য?
(ক) গৃহস্থের (খ) চোরের (গ) ধনীদের (ঘ) ডাকাতদের

১০. শ্বশুরের সামনে অনুপমের মাথা হেঁট করে রাখার কারণ কী?
(ক) শ্বশুরের ব্যবহারে (খ) লজ্জায় (গ) বিয়ের আয়োজন দেখে (ঘ) মামার গহনা পরীক্ষার কারণে

১১. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতার অপূর্ণ পর্বের ছন্দ বিভাজন কত মাত্রার?
(ক) ১ মাত্রার (খ) ২ মাত্রার (গ) ৩ মাত্রার (ঘ) ৪ মাত্রার

১২. 'চাষার দুক্ষু' প্রবন্ধে চাষাদের সর্বস্বহীন হওয়ার কারণ হিসেবে নিচের কোনটির কথা উল্লেখ করা হয়েছে-
(ক) আরামপ্রিয়তা (খ) আধুনিক হয়ে যাওয়া (গ) সভ্য হয়ে যাওয়া (ঘ) জমিদারদের অত্যাচার

১৩. 'আহ্বান' গল্পে বুড়িকে কে মা বলে সম্বোধন করে?
(ক) গল্পকথক (খ) নরেশ (গ) শুকুর আলী (ঘ) হাজরা ব্যাটার বউ

১৪. 'পাখিরা নীড়ে ঘুমোবে'।-'সেই অস্ত্র' কবিতার এই চরণ দ্বারা যে বিষয়টি প্রকাশিত তা হলো-
(ক) পাখিরা তাদের বাসায় ঘুমাবে (খ) পৃথিবীতে আবারও শান্তি ফিরে আসবে
(গ) কেউ পাখি ধরবে না (ঘ) পৃথিবী আরও এগিয়ে যাবে

১৫. বাতাবি লেবুর ফুল ফুটেছে কি? 'তাহারেই পড়ে মনে' কবিতার এই চরণ দ্বারা প্রকাশিত হয়েছে-
(ক) প্রকৃতি বর্ণনা (খ) গাছের বর্ণনা (গ) কবির হাহাকার (ঘ) কবির ব্যক্তিগত উচ্ছ্বাস

১৬. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় কোন ঘাসের উল্লেখ পাওয়া যায়?
(ক) দূর্বা (খ) হেলেঞ্চা (গ) মধুকুপী (ঘ) মধুছরা

১৭. 'এ বয়স জানে রক্তদানের পূণ্য'-বলতে বোঝানো হয়েছে-
(ক) অধিকার আদায়ে রক্তদান (খ) স্বাধীনতার জন্য রক্তদান (গ) দেশের জন্য রক্তদান (ঘ) শুভ কল্যাণ ও সুন্দরের জন্য রক্তদান

১৮. 'একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং'। এই চরণটির আগের চরণ হলো-
(ক) এ রঙের বিপরীত আছে অন্য রং (খ) মানবিক বাগান, কমলবন হচ্ছে তছনছ
(গ) শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ, স্মৃতিগন্ধে ভরপুর (ঘ) দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো

■ নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:
জীবনের সবক্ষেত্রে সফল আকাশ কিন্তু তার সাফল্য তার মাকে আলোড়িত করে না। মায়ের সমস্ত অন্তরজুড়ে অকালে হারিয়ে যাওয়া মাসুম।

১৯. উদ্দীপকের মাসুম 'তাহারেই পড়ে মনে' কবিতায় কীসের প্রতিনিধিত্ব করে?
(ক) বসন্তের (খ) কবির (গ) শীতের (ঘ) প্রকৃতির

২০. উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতা উভয় ক্ষেত্রে প্রকাশিত-
i. প্রিয়জন হারানোর বেদনা
ii. ব্যক্তিজীবনের রিক্ততা
iii. সাফল্যের প্রতি উদাসীনতা
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

২১. 'জাদুঘরে কেন যাব' প্রবন্ধে 'কোহিনূর' দেখতে সকলে কোথায় ভিড় করে?
(ক) ব্রিটিশ মিউজিয়ামে (খ) আলেকজান্দ্রিয়ায় (গ) টাওয়ার অব লন্ডনে (ঘ) অ্যাশমোলিয়ান মিউজিয়ামে

২২. 'যতবড় মুখ নয় তত বড় কথা'-সিরাজউদ্দৌলা নাটকের সংলাপটি কার?
(ক) নবাবের (খ) হলওয়েলের (গ) উমিচাঁদের (ঘ) ক্লেটনের

২৩. 'বায়ান্নর দিনগুলো' রচনায় ১৯৫২ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কোন জীবনের কথা বিধৃত হয়েছে?
(ক) পারিবারিক জীবন (খ) জেল জীবন (গ) সামাজিক জীবন (ঘ) রাজনৈতিক জীবন

২৪. লালসালু উপন্যাস মাজারটি দেখতে কেমন?
(ক) উই ঢিবির মতো (খ) মাছের পিঠের মতো (গ) গারো পাহাড়ের মতো (ঘ) দ্বিতীয়ার চাঁদের মতো

২৫. মহাজাগতিক কিউরেটর রচনা স্বেচ্ছা ধ্বংসকারী প্রাণী বলতে কাদের বোঝানো হয়েছে?
(ক) সাপ (খ) হরিণ (গ) মানুষ (ঘ) পাখি

■ নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:
সালভের আলেন্দে ছিলেন চিলির নির্বাচিত প্রেসিডেন্ট, ১৯৭৩ সালে দেশের সেনাবাহিনী তাকে হত্যা করে ক্ষমতা গ্রহণ করে আলেন্দ কর্তৃকই নিয়োগপ্রাপ্ত জেনারেল পিনোচেট।

২৬. উদ্দীপকে পিনোচেট 'সিরাজউদ্দৌলা' নাটাকের কোন চরিত্রের সাথে সর্বাধিক মিল রয়েছে?
(ক) জগৎশেঠ (খ) উমিচাঁদ (গ) ওয়াটসন (ঘ) মিরজাফর

২৭. উভয় চরিত্রের সাদৃশ্যগত বৈশিষ্ট্য-
i. ক্ষমতা লিপ্সা
ii. বিশ্বাসঘাতকতা
iii. কাপুরুষতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. মাদাম লোইসেলের জীবনের দুরবস্থার জন্য দায়ী তার-
(ক) অনুকরণপ্রিয়তা (খ) বিলাসী জীবন যাপন (গ) উচ্চভিলাষ (ঘ) কর্মবিমুখতা

২৯. 'তোমার দাড়ি কই মিঞা'-উক্তিটি কাকে উদ্দেশ্য করে বলা?
(ক) মজিদকে (খ) তাহেরকে (গ) কাদেরকে (ঘ) আক্কাসকে

৩০. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতা 'বিচলিত স্নেহ' বলতে কবি কী বুঝিয়েছেন?
(ক) কপট মায়া (খ) লোক দেখানো আদর (গ) আপনজনের উৎকণ্ঠা (ঘ) সন্ত্রস্ত ভালোবাসা

- - - o - - -